



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

‘দুটি সন্তানের বেশী নয় একটি হলে ভাল হয়’

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১০

তারিখ : ১৮ অগ্রহায়ণ ১৪১৫ বাং  
০২ ডিসেম্বর, ২০০৮ খ্রিঃ

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

ঈদ-উল-আযহা উপলক্ষে সাপ্তাহিক ছুটির দিন শনিবার ব্যাংক শাখা খোলা রাখা প্রসংগে।

ডিওএস সার্কুলার লেটার নং-১৮ তাং ০৭-১২-২০০৬ এর নির্দেশনা অনুযায়ী দেশের ব্যবসা-বাণিজ্য ও আমদানী রপ্তানী কার্যক্রম সম্পর্কিত লেনদেনের সুবিধার্থে সংশ্লিষ্ট সকল বিমান বন্দর, সমুদ্র/নৌ বন্দর, স্থল বন্দরসমূহে সাপ্তাহিক ছুটির দিন শুক্র ও শনিবার ব্যাংকসমূহের এডি শাখা খোলা রাখা এবং দেশের অপরাপর স্থানে এডি শাখাগুলোর মধ্যে যে সব শাখা খোলা রাখা প্রয়োজন সে সব শাখা ব্যাংকগুলোর স্বীয় বিবেচনায় শনিবার খোলা রাখার নির্দেশনা বলবৎ আছে।

এছাড়া, আসন্ন ঈদ-উল-আযহার পূর্বে লেনদেনের সুবিধার্থে আগামী ০৬ ডিসেম্বর/২০০৮ শনিবার যথাযথ নিরাপত্তা নিশ্চিত করে ব্যাংকসমূহ তাদের স্বীয় বিবেচনায় সকল অথবা সুনির্দিষ্ট কিছু শাখা খোলা রাখবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

( দেবপ্রসাদ দেবনাথ )  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৫০৪৩৭

